

কেস স্টাডি-১

শীতের ছুটিতে অয়ন তার বাবা-মায়ের সঙ্গে হরিদ্বার বেড়াতে গেল। ট্রেন থেকে নেমেই চারপাশের পরিবেশ দেখে তার বেশ ভালো লাগল। দূরে পাহাড়ের আভাস, মানুষের ব্যস্ততা এবং গঙ্গার স্রোত—সব মিলিয়ে তার কাছে জায়গাটি একেবারে নতুন মনে হলো। বিকেলে তারা গঙ্গার ঘাটে গেল। স্বচ্ছ জলের স্রোত দেখে অয়ন মুগ্ধ হয়ে গেল। ঘাটের পাশে অনেক মানুষ প্রার্থনা করছিলেন এবং কেউ কেউ গঙ্গার ধারে বসে শান্ত পরিবেশ উপভোগ করছিলেন।

পরদিন সকালে অয়ন পরিবারের সঙ্গে হর কি পৌরি এলাকায় গেল। সেখানে গঙ্গার প্রবাহ, ঘাটের পরিবেশ এবং মানুষের ভক্তি তাকে ভাবিয়ে তুলল। বাবা তাকে বললেন, “গঙ্গা শুধু ধর্মীয়ভাবে গুরুত্বপূর্ণ নয়, বহু মানুষের জীবন ও সংস্কৃতির সঙ্গেও জড়িয়ে আছে। তাই নদীকে পরিষ্কার রাখা আমাদের সকলের দায়িত্ব।” অয়ন দেখল, কোথাও কোথাও প্লাস্টিকের প্যাকেট ও বোতল পড়ে আছে। সে নিজের খাবারের প্যাকেটটি নির্দিষ্ট আবর্জনার পাত্রে ফেলল এবং অন্যদেরও আবর্জনা না ফেলার অনুরোধ করল। ফেরার সময় অয়নের মনে হলো, হরিদ্বার ভ্রমণ তাকে আনন্দের পাশাপাশি প্রকৃতি, সংস্কৃতি ও দায়িত্ববোধ সম্পর্কেও অনেক কিছু শিখিয়েছে।

প্রশ্নমালা -

i. হরিদ্বারে পৌঁছে অয়নের কাছে কোন বিষয়টি নতুন ও আকর্ষণীয় মনে হয়েছিল?

ক) বড় বড় বাজার খ) গঙ্গার স্রোত, পাহাড়ের আভাস ও ঘাটের পরিবেশ
গ) শহরের যানজট ঘ) বড় বড় অট্টালিকা।

ii. গঙ্গার ঘাটে অয়ন কী লক্ষ্য করেছিল?

ক) মানুষ খেলাধুলা করছিল খ) মানুষ প্রার্থনা করছিল এবং শান্ত পরিবেশ উপভোগ করছিল
গ) সবাই বাজার করছিল ঘ) কেউ নদীর কাছে যাচ্ছিল না।

iii. বাবার কথায় গঙ্গার কোন গুরুত্বটি প্রকাশ পেয়েছে?

ক) শুধু বিনোদনের স্থান খ) শুধু পর্যটনের স্থান গ) ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক গুরুত্ব ঘ) শুধু ব্যবসার স্থান।

iv. অয়ন হরকি পৌরি এলাকায় গিয়েছিল - বাক্যটির উদ্দেশ্যে অংশ কোনটি?

ক) অয়ন খ) হরকি পৌরি গ) হরকি পৌরি এলাকায় ঘ) অয়ন হরকি পৌরি এলাকায় গিয়েছিল।

v. অয়নের আচরণ থেকে কোন গুণটি প্রকাশ পায়?

ক) দায়িত্ববোধ খ) উদাসীনতা গ) স্বার্থপরতা ঘ) অসচেতনতা ।

vi. অয়নের মতে ভ্রমণটি শুধুমাত্র আনন্দের ছিল না, কারণ—

ক) সে নতুন জামা কিনেছিল। খ) সে প্রকৃতি, সংস্কৃতি ও দায়িত্ববোধ সম্পর্কে শিখেছিল গ) সে অনেক খাবার খেয়েছিল ঘ) সে দীর্ঘ সময় ট্রেনে ছিল ।

vii. মন্তব্য : গঙ্গাকে পরিষ্কার রাখা প্রত্যেকের দায়িত্ব।

কারণ: গঙ্গা মানুষের জীবন ও সংস্কৃতির সঙ্গে গভীরভাবে যুক্ত।

ক) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক খ) মন্তব্য ঠিক ,কারণ ভুল গ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল ঘ) মন্তব্য ভুল ,কারণ ঠিক ।

viii. মন্তব্য : অয়নের হরিদ্বার ভ্রমণ একটি শিক্ষামূলক অভিজ্ঞতায় পরিণত হয়েছিল।

কারণ : সে ভ্রমণের মাধ্যমে প্রকৃতি ও সংস্কৃতির পাশাপাশি পরিবেশ রক্ষার গুরুত্বও বুঝতে পেরেছিল।

ক) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক খ) মন্তব্য ঠিক ,কারণ ভুল গ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল ঘ) মন্তব্য ভুল,কারণ ঠিক ।